গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অ্যাটর্নি জেনারেল অফিস**

বাংলাদেশ সুপ্রীম কোর্ট এলাকা, ঢাকা-১০০০।

www.attorneygeneral.gov.bd

নং- ৫৭০(আই)/২০২৬-এজি তারিখঃ ২৪/০৬/২০২৬খ্রিঃ

## কারন দর্শানোর নোটিশ

আপনি, অত্র অফিসের অফিস সহায়ক আমেনা এনেক্স ভবনের কোর্ট নং- ১৮ ও মূল ভবনের ২৬ দায়িত্বপ্রাপ্ত সরকারী আইন কর্মকর্তাদের সহযোগিতার জন্য নিয়োজিত আছেন। গত ২৩.০৬.২০২৬ খ্রিঃ তারিখে মোঃ আরিফ মিয়া, পিতা: মতিউর রহমান, ফোন: ০১৭৯২-৮৮৮৫৬৬ এর মাধ্যমে চুরি হওয়া সরকারী নথি/পিটিশন কপি সমূহ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন ভবনের নীচ তলা থেকে উদ্ধার করা হয়। উদ্ধারের বিষয়ে উক্ত মোঃ আরিফ জানায় যে, পিটিশন সমূহ অত্র অফিসের অফিস সহায়ক আমেনা বিক্রয় করেন। অত্র অফিসের অফিস সহায়ক ১) আজিজুর রহমান লিটন, ২) মোঃ আশরাফুল ইসলাম ৩) সাদেকুর রহমান গং উক্ত আরিফের মাধ্যমে নথি সমূহ উদ্ধার করেন। উক্ত পিটিশন সমূহ জনগুরুত্বপূর্ণ, অত্যন্ত সংবেদনশীল ও রাষ্ট্রের স্বার্থ সম্পর্কিত। বিষয়টি তৎক্ষনাত অতিরিক্ত অ্যাটর্নি-জেনারেল জনাব মোহাম্মদ অনীক রুশদ হক মহোদয়ের মাধ্যমে বিজ্ঞ অ্যাটর্নি-জেনারেল মহোদয়ের নিকট অবহিত করলে অভিযুক্ত অফিস সহায়ক আমেনা এর বিরুদ্ধে উদ্দেশ্যমূলকভাবে ফাইল বিক্রয়ে রাষ্ট্রের ক্ষতি করার মানষে কোন প্রলোভনে পড়ে এ কাজ করেছেন বলে প্রতীয়মান হয়। অভিযুক্ত ব্যক্তি কোন সংঘবদ্ধ দলের সদস্য হতে পারেন যারা রাষ্ট্রীয় প্রতিষ্ঠানকে ক্ষতি করে ব্যক্তিস্বার্থ চরিতার্থ করে থাকতে পারেন। অভিযুক্ত আমেনা এর এহেন কার্যক্রম সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর পরিপন্থি ও গুরুতর অসদাচরন।

এমতাবস্থায়, আপনার এহেন কার্যক্রম সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর পরিপন্থি ও গুরুতর অসদাচরন হওয়ায় এবং আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করায় আপনার বিরুদ্ধে কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না? এই নোটিশ প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে জবাব প্রদানের জন্য নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে আপনাকে নির্দেশ প্রদান করছেন।

২৪/০৬/২৬

(মোঃ নাসির উদ্দিন)
প্রশাসনিক কর্মকর্তা
☎ ৪১০৫০০৪০

প্রাপক ঃ আমেনা **(NID- 19883313634171846)**
অফিস সহায়ক, অ্যাটর্নি জেনারেল অফিস, ঢাকা।
স্থায়ী ঠিকানাঃ গ্রাম ও পোঃ নরোত্তমপুর, থানা-কাপাসিয়া, জেলা-গাজীপুর।

নং- ৫৭০(আই)/২০২৬-এজি তারিখঃ ২৪/০৬/২০২৬খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

(১) জনাব মোহাম্মদ অনীক রুশদ হক, মাননীয় অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল, অ্যাটর্নি জেনারেল অফিস, ঢাকা।
(২) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুণবাগিচা, ঢাকা।
(৩) অ্যাটর্নি জেনারেল মহোদয়ের একান্ত সচিব (চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা), অ্যাটর্নি জেনারেল অফিস, ঢাকা।
(৪) হিসাব রক্ষক/ক্যাশিয়ার, অ্যাটর্নি জেনারেল অফিস, ঢাকা।
(৫) জনাব মোঃ আবদুল কাদির চৌধুরী, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, আইসিটি শাখা, অ্যাটর্নি জেনারেল অফিস, ঢাকা (অ্যাটর্নি জেনারেল অফিস ওয়েব সাইটে প্রচারের জন্য)।
(৬) অফিস নথি।

২৪/০৬/২৬

(মোঃ নাসির উদ্দিন)
প্রশাসনিক কর্মকর্তা